# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৩০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮৫]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

আরবী

ـ وَحَدَّث عَبْدُ اللَّهِ بن عمر : أَنَّ النَّبِيَّ صَلَّى حَيْث الْمَسْجِدُ الصَّغِيرُ، الَّذِي دُونَ الْمَسْجِدِ الَّذِي بِشَرَف الرَّوْحَاءِ، وَقَدْ كَانَ عَبْدُ اللَّهِ يَعْلَمُ الْمَكَانَ الَّذِي كَانَ صَلَّى فِيهِ النَّبِيُّ ، يَقُولُ: ثَمَّ عَنْ يَمِينِكَ، حِينَ تَقُومُ فِي الْمَسْجِدِ تُصَلِّي، وَذَلِكَ الْمَسْجِدُ عَلَى حَافَةِ الطَّرِيقِ الْيُمْنَى، وَأَنْتَ ذَاهِبٌ إِلَى مَكَّةَ، بَيْنَهُ وَبَيْنَ الْمَسْجِدِ الأَكْبَرِ رَمْيَةٌ بِحَجَرٍ، أَوْ نَحْوُ ذَلِكَ. (بخارى:

বাংলা

৩০০) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণনা করেন যে, ‘রাওহা’ নামক উঁচু স্থানের মসজিদের নিকটেই বর্তমানে যে ছোট মসজিদটি রয়েছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানেও নামায পড়েছেন। আব্দুল্লাহ ইবনে উমার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে সমস্ত স্থানে নামায পড়েছেন তা জানতেন। তিনি বলতেনঃ তুমি যখন মসজিদে নামায পড়তে দাঁড়াবে সে স্থানটি তোমার ডান দিকে পড়বে। আর ঐ ছোট মসজিদটি তুমি মক্কা যাওয়ার পথে রাস্তার ডান পার্শ্বে পড়বে। ঐ মসজিদ এবং বড় মসজিদটির মাঝখানে একটি পাথর নিক্ষেপ বা তার অনুরূপ দূরত্ব হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন